গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,যশোর
টেলিফোন নম্বরঃ ০২৪৭৭৭-৬২৮০২
E-mail:jessore@cs.dghs.gov.bd

স্মারক নং- সিএসজে/প্রশা-১/৩য়-৪র্থ শ্রেণী নিয়োগ/২০২৪/ ৮৯৮ তারিখঃ ০৬/০৩/২০২৪খ্রি.।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা,বাংলাদেশ সচিবালয়,ঢাকা এর স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১১/৯৬(অংশ-১)-৩০৯৪ তারিখঃ-১৭/১২/২০২৩ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়,যশোর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতে ১১-২০ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণী) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে যশোর জেলার স্থায়ী নাগরিক এর নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (http://csjashore.teletalk.com.bd ওয়েব সাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	কম্পিউটার অপারেটর	গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/-	০৩ (তিন)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে।
২	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০১ (এক)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপি এতে স্নাতক বা সমমানেরডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ। (গ) সাঁটলিপি সর্বনিম্ন বাংলা প্রতি মিনিটে ৪৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ৭০ শব্দ।
৩	পরিসংখ্যানবিদ	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০৩ (তিন)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ)কম্পিউটার চালনায় দক্ষতা।
৪	কীট তত্ত্বীয় টেকনিশিয়ান	গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	০২ (দুই)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জীব বিজ্ঞান সহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৫	কোল্ড চেইন টেকনিশিয়ান	গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	০২ (দুই)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ।
৬	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	০৬ (ছয়)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ২০ শব্দ।
৭	স্টোর কিপার	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	০৭ (সাত)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) স্টোর কিপার নিয়োগের জন্য চূড়ান্ত বিবেচিত হলে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।
৮	স্বাস্থ্য সহকারী	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	১৭১ (একশত একাত্তর)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৯	ড্রাইভার	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	০৪ (চার)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) হালকা গাড়ী চালনার হালনাগাদ বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।

চলমান পাতা-২

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। আগ্রহী প্রার্থীগণকে http://csjashore.teletalk.com.bd-এ ওয়েব সাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে। অন্য কোনো ভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। প্রার্থীগণকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং জাতীয় পরিচয় পত্র অনুযায়ী যশোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ দাখিল করতে হবে।

৫। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখ-১০/০৮/২০১৮খ্রিঃ মোতাবেক ০৯/১০/২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক ও ১৬/১০/২০১৮ তারিখে দৈনিক সমাজের কথা পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

৬। কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ড্রাইভার পদের প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হবেন।

৭। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড(একই ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শূন্য পদ পূরণ করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস,যশোর এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়সমূহে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

৮। বীর মুক্তিযোদ্ধা,এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটাসহ অন্যান্য বিশেষ কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি বিধান প্রতিফলিত হবে এবং আবেদনপত্র পূরণের সময় কোটা উল্লেখ করতে হবে। আবেদনের সময় কোটা উল্লেখ না থাকেল পরবর্তীতে বিবেচনা করা হবে না।

৯। **আবেদনকারীর বয়সঃ**

ক) ০১/০৩/২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা গণের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি সনদপত্র/জন্মনিবন্ধন ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

গ) স্বাস্থ্য অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরে চাকুরীরত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবে। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৪০ বছর পর্যন্ত শিথিল যোগ্য।

ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status থেকে নির্ধারিত Option Select করতে হবে।

১০। প্রার্থীগণকে আবেদনপত্র পূরণের সময় সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ করতে হবে। আবেদনের সময় অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ না থাকেল পরবর্তীতে বিবেচনা করা হবে না। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

১১। **অনলাইন (Online) -এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী ও আবেদনের সময় সীমা নিম্নরূপঃ**

ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৩/২০২৪ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা । Online-এ আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/০৩/২০২৪ খ্রি., বিকাল ৫.০০ ঘটিকা।

খ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন ফরম Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

চলমান পাতা-৩

১২। **আবেদনের পদ্ধতিঃ**

ক) Online-এ আবেদন ফরম-এ প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য৩০০× প্রস্থ ৩০০ pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। Online-এ আবেদন ফরম-এ পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন ফরম Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

খ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন ফরম এর একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৩। **SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান:**

Online এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি,নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে প্রার্থী নিয়োক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুটি) SMS করে আবেদন ফি বাবদ ১৩ হতে ১৬ তম গ্রেড পর্যন্ত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা সহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরত যোগ্য) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদন ফরম এর সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: CSJASHORE<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSJASHORE ABCDEF এবং 16222 নম্বরে SEND করতে হবে।
Reply:Applicant's name,Tk.223/- will be charged as application fee. Your PIN is XXXXXXXX To pay fee Type CSJASHORE <space>Yes<space>PIN and Send to 16222।
আপনাকে ৮ সংখ্যার একটি PINনম্বরদেওয়া হবে যেমন 12345678।

দ্বিতীয় SMS: CSJASHORE <space>Yes<space>PIN লিখে Send করতেহবে 16222 নম্বরে।
Example: CSJASHORE Yes 12345678এবং 16222 নম্বরে SEND করতে হবে।
Reply:Congratulations Applicant's Name, payment completed successfully for CSJ Application for <Post name>User ID is (ABCDEF) and PIN (xxxxxxxx).

১৪। শুধু যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csjashore.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর নিজস্ব ব্যবহৃত মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। Online আবেদন ফরম এ প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS-এ প্রেরিতUser ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতিঅনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে: CSJASHORE <space>Help< space>User<space>User ID থাকলে এবং 16222 নম্বরে পাঠান। উদাহরণ: CSJASHORE HELP USER ABCDEF লিখে 16222 নম্বরে send করতে হবে।

খ) PIN নম্বর জানা থাকলে: CSJASHORE <space>Help< space>PIN<space>PIN No পিন নম্বর এবং 16222 নম্বরে পাঠান। উদাহরণ: CSJASHORE Help PIN 12345678 লিখে 16222 নম্বরে send করতে হবে।

১৫। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইট www.cs.jessore.gov.bd), এর মাধ্যমে জানানো হবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে (Mail /মেসেজ এর Subject-এ Organization Name: CSJASHORE, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৬। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত,প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় আলাদা ভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মুলকপি বাধ্যতামুলক ভাবে প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীল মোহর) কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়ন পত্র ও অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পূরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) নাগরিক সনদপত্র।

ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রেপ্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধের পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধের সর্ম্পক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে আনসার ভিডিপির সংশ্লিষ্ট জেলা কমাডেন্ট কর্তৃক নুন্যতম ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সনদপত্র।

ঝ) সকল চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

ঞ) Download কৃত Applicant's Copy এবং Admit Card এর কপি।

১৭। প্রার্থীকেলিখিত,প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে অথবা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার আবেদন ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দূর্ব্যবাহর করলে পরীক্ষার পূর্বে ও পরে, এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। **এ নিয়োগের বিষয়েকোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২১। সিভিল সার্জন অফিস,যশোর এর নোটিশ বোর্ডে এবং (www.cs.jessore.gov.bd) ওয়েব সাইটেএ নিয়োগ বিজ্ঞপ্তি, পরীক্ষার ফলাফল সহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.alljobs.teletalk.com.bd/csjashore ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

২২। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করা হবে। **ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গন্য হবে ।**

***** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে আগ্রহী প্রার্থীদের সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদন ফরম পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদান সহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।**

(ডা. বিপ্লব কান্তি বিশ্বাস)
সিভিল সার্জন
যশোর
ও
সদস্য সচিব, ৩য়/৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং- সিএসজে/প্রশা-১/৩য়-৪র্থ শ্রেণী নিয়োগ/২০২৪/ ৮১৮ (৩৫) তারিখঃ ০৩/০৩/২০২৪ খ্রি.।

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): –

০১. সিনিয়র সচিব,জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব)

০২. সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)

০৩. সচিব,বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় আগারগাও,শেরে বাংলা নগর,ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)

০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)

০৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।

০৬. পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।

০৭. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইট এ প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

০৮. পরিচালক (স্বাস্থ্য),খুলনা বিভাগ,খুলনা।

০৯. জেলা প্রশাসক,যশোর।

১০. পুলিশ সুপার,যশোর।

১১. উপ-সচিব (প্রশাসন-১),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

১২. উপ-সচিব (ক্রয় ও সংগ্রহ),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

১৩. সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।

১৪. উপ-পরিচালক (স্থানীয় সরকার),জেলা প্রশাসকের কার্যালয়,যশোর।

১৫. উপ-পরিচালক,বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়,৩৭ খালিশপুর হাউজিং এষ্টেট,খুলনা।

১৬. ব্যবস্থাপনা পরিচালক,টেলিটক বাংলাদেশ লিমিটেড,গুলশান,ঢাকা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি অন-লাইনে আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

১৭. উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা,যশোর।

১৮. জেলা শিক্ষা কর্মকর্তা,যশোর।

১৯. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,যশোর।

২০. জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা,যশোর।

২১. জেলা হিসার রক্ষণ কর্মকর্তা,যশোর।

২২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল),যশোর। উপরোক্ত বিজ্ঞপ্তিটি সহ স্বাস্থ্য সহকারীদের শূন্য পদ ওয়ার্ড ভিত্তিক নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৩. সম্পাদক, The Daily Observer/দৈনিক সমকাল/দৈনিক গ্রামের কাগজ,যশোর। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ০৫/০৩/২০২৪ ইং তারিখ ০১ (এক) দিন (সকল সংস্করণে) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৪. পরিসংখ্যান শাখা,অত্র অফিস। উপরোক্ত বিজ্ঞপ্তিটি সহ স্বাস্থ্য সহকারীদের শূন্য পদ ওয়ার্ড ভিত্তিক অত্র কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।

২৫. প্রশাসন শাখা,অত্র অফিস। উপরোক্ত বিজ্ঞপ্তিটি সহ স্বাস্থ্য সহকারীদের শূন্য পদ ওয়ার্ড ভিত্তিক অত্র কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য বলা হলো।

২৬. অফিস নথি।

(ডা.বিপ্লব কান্তি বিশ্বাস)
সিভিল সার্জন
যশোর
ও
সদস্য সচিব, ৩য়/৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।